

প্রথম আলো

দেশে বসে যুক্তরাষ্ট্রের চিকিৎসকদের সেবা দেয় স্কাইবরা

নিজস্ব প্রতিবেদক ঢাকা

২৪ সেপ্টেম্বর ২০১৮, ১৬:০৪

আপডেট: ২৪ সেপ্টেম্বর ২০১৮, ১৬:০৬



স্কাইবকে সংবর্ধনা দিল অগমেডিক্স। ছবি: সংগৃহীতযুক্তরাষ্ট্রভিত্তিক গুগল গ্লাস স্টার্টআপ ও স্বাস্থ্যসেবা কোম্পানি অগমেডিক্স বাংলাদেশে ১৬০ জন রিমোট মেডিকেল স্কাইবকে সংবর্ধনা দিয়েছে। গতকাল রোববার রাজধানীর ঢাকা ক্লাবে আয়োজিত অনুষ্ঠানের সহযোগিতায় ছিল তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের এলআইসিটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমসিএম বিভাগ। গতকালঢাকা ক্লাবে অগমেডিক্স বাংলাদেশের উদ্যোগে আয়োজিত ‘অগমেডিক্স স্কাইব অ্যাচিভারস নাইট’ অনুষ্ঠানে অগমেডিক্সের উদ্যোক্তা ইয়ান শাকিল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অগমেডিক্স বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক রাশেদ মুজিব নোমান বলেন, এলআইসিটি প্রকল্পের সরাসরি সহযোগিতায় অগমেডিক্স মধ্যম আয়ের জনগোষ্ঠী তৈরি করে ডিজিটাল বাংলাদেশ ২০২১-এর লক্ষ্যে পূরণে সাফল্যের সঙ্গে এগিয়ে যাচ্ছে। ভবিষ্যতেও বাংলাদেশ সরকারের তথ্যপ্রযুক্তি বিভাগের সমর্থন অব্যাহত থাকবে, যা প্রযুক্তিনির্ভর সেবার মাধ্যমে তরুণদের জন্য বৈদেশিক মুদ্রা উপার্জনের পরিবেশ প্রতিষ্ঠা করতে সাহায্য করবে। বাংলাদেশি বংশোদ্ভূত ইয়ান শাকিল ২০১২ সালে সানফ্রান্সিসকোতে অগমেডিক্স প্রতিষ্ঠা করেন। এটি এমন একটি সেবা মাধ্যমে, যেখানে একজন চিকিৎসক গুগল গ্লাস পরে রোগী দেখবেন এবং বাংলাদেশ থেকে দক্ষ স্কাইবরা এই কথোপকথন সরাসরি দেখে ও শুনে চিকিৎসকদের গুরুত্বপূর্ণ ইলেকট্রনিকস মেডিকেল রেকর্ড সম্পূর্ণ করার দায়িত্ব পালন করবেন। অগমেডিক্স প্রতি মাসে ২৫-৩০ জন নতুন স্কাইব নিয়োগের উদ্দেশ্যে প্রতি মঙ্গল ও শুক্রবার বিকেল সাড়ে চারটায় তাদের পাশ্চাত্য কার্যালয়ে ইনফরমেশন সেশনের আয়োজন করে, যা সবার জন্য উন্মুক্ত। এর পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়েও তারা এই কার্যক্রম চালিয়ে যাচ্ছে, যেখান থেকে প্রাথমিক বাছাই পর্ব শুরু হয়। আয়োজিত অনুষ্ঠানে এলআইসিটি, বাক্যসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দ এবং তথ্যপ্রযুক্তি খাতের শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।